

জাগবনী

১১০ নং

তাল—কাশ্মীরী

কেন কাল ঘুমেতে রলি ।

চেয়ে দেখ না নয়ন মেলি ॥

- ১। নমঃশূদ্র সকল কশ্যপ মুনির বংশাবলী ।
তোরা উচ্চকুলে জন্ম নিয়ে কেন নীচ ভাব ধরিলি ।
- ২। মুনির বেশ ভূষণ তোরা সকল ত্যাগ করিলি ।
ঐ শোন তোদের জন্য কাঁদতে আছে—
তোদের পূর্বপুরুষ সকলি ॥
- ৩। মাতৃ-পিতৃ শক্তির জোরে শক্তিমান আছিলি ।
এখন হারাইলি কলির মায়ায় তোরা শক্তিহীন হইলি ॥
- ৪। মাতৃশক্তি নখ চন্দ্র চুল রক্ত তাই বলি ।
পিতৃশক্তি মণি মগজ এ দেহের হাড় মজ্জা সকলি ॥
- ৫। পিতৃলোকের আরাধনে উদ্ধার করবে বলি ।
এলেন আপনি হরি ওড়াকান্দী তাঁরে চিনে না চিনিলি ॥
- ৬। অভয় বলে অলসতা ত্যাগ কর সকলি ।
যদি উদ্ধার হবে আদি বংশ ডাক জয় হরিচাঁদ বলি ॥
—অভয় কবিরাজ



১১১ নং

তাল—কাশ্মীরী

যদি এ কুল উদ্ধার হবা ।

আগে ধর্ম ঠিক করিবা ॥